# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ১. ৫. ঈশ্বর না শয়তান

রাজা দাউদ তাঁর রাজ্যের লোকগণনা করেন। ঈশ্বরের দৃষ্টিতে এটা মহাপাপ ছিল। এ জন্য ঈশ্বর তাঁকে কঠিন শাস্তি প্রদান করেন। তবে এ কাজটা করতে দাউদকে উদ্বুদ্ধ করেছিলেন কে সে বিষয়ে বৈপরীত্য বিদ্যমান। ২ শমূয়েল-এর ২৪ অধ্যায়ের ১ম শ্লোক থেকে জানা যায় যে, ঈশ্বর স্বয়ং দাউদকে প্ররোচিত করেন বনি-ইসরাইলের জনসংখ্যা গণনা করতে। আর ১ বংশাবলির ২১ অধ্যায়ের ১ম শ্লোক থেকে জানা যায় যে, শয়তান দাউদকে জনসংখ্যা গণনা করতে প্ররোচিত করে। এ বিষয়টাকে খ্রিষ্টান গবেষকরা বৈপরীত্য হিসেবে উল্লেখ করেছেন। এ ছাড়া খ্রিষ্টধর্মীয় বিশ্বাসে ঈশ্বর অমঙ্গল বা খারাপ কাজ করেন না। কাজেই বিষয়টা তাদের জন্য বিব্রতকর। তবে আমরা এ বিষয়টাকে বৈপরীত্য হিসেবে গণ্য করিনি। কারণ, বিশ্বের যে কোনো কর্মই মহান আল্লাহর জ্ঞান ও সিদ্ধান্তের বাইরে ঘটে না। এজন্য ভাল, মন্দ, যুদ্ধ, ধ্বংস, মুক্তি, আনন্দ যে কোনো বিষয়কে চূড়ান্ত পর্যায়ে তিনি তাঁর নিজের কর্ম হিসেবে উল্লেখ করতে পারেন। কোনো একটা কর্ম আল্লাহর কোনো সৃষ্টি করলেও বিশ্ব পরিচালনায় আল্লাহর ব্যবস্থা অনুসারে তা সম্পন্ন হওয়াতে কর্মটাকে আল্লাহর কর্ম বলা যায়।

এরূপ অনেক বৈপরীত্য পাশ্চাত্য গবেষকরা উল্লেখ করেছেন, যেগুলো ব্যাখ্যার মাধ্যমে সমন্বয়যোগ্য। আমরা এ জাতীয় বৈপরীত্য উল্লেখ করছি না। যে বৈপরীত্যগুলো বাহ্যত সমন্বয়যোগ্য নয় আমরা সেগুলোর কিছু নমুনা নিম্নে উল্লেখ করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন